دولة قطر
State of Qatar
وزارة التنمية الإدارية والعمل والشؤون الاجتماعية
MINISTRY OF ADMINISTRATIVE DEVELOPMENT, LABOUR & SOCIAL AFFAIRS

আপনার অধিকার জানুন

গৃহকর্মীদের জন্য একটি পুস্তিকা

কাতারে বসবাসরতদের জন্য

এই নথি তে কাতার ডমেস্টিক ওয়ার্কার্স এবং ইমিগ্রেশন ল’ অনুসারে কিছু সংখ্যক প্রধান প্রধান অধিকার বর্ণিত হয়েছে।

কিছু অতিরিক্ত অধিকার রয়েছে।
যেকোন প্রকার প্রশ্নের ক্ষেত্রে কর্মীগণের ল্যাবোর অ্যান্ড সোশ্যাল অ্যাফেয়ার্সের মিনিস্ট্রি অব এডমিনিস্ট্রেটিভ ডেভেলপমেন্ট এ ল্যাবোর রিলেশনস বিভাগে যাওয়া উচিত (সাথে করে সকল নথি নিয়ে যেতে হবে)।

সমস্যা সমূহ

আপনার অধিকার জানুন

আপনার জীবনযাপনের অবস্থা

আপনার বাসস্থান

আইন

সেকশন 7, 2017 এর আইন নং 15

চাকরিদাতা নিম্নলিখিত ব্যাপারগুলোর জন্য দায়ী থাকবে:

+ গৃহকর্মীদের জন্য যথাযথ থাকার ব্যবস্থা করতে হবে।

আপনার অধিকারসমূহ

+ যথাযথ বাসস্থান পাবার ব্যাপারে আপনার অধিকার রয়েছে।
  যেমন- এতটুকু জায়গা থাকে যেন সেখানে একটি বিছানা ও একটি কাপবোর্ড রাখার মত অবস্থা থাকে।
  এর অর্থ আপনার থাকার জায়গা যেন নিরাপদ এবং স্বাস্থ্যসম্মত হয়।

+ এবং আপনি যদি অন্য কারো সাথে আপনার কক্ষটি শেয়ার করে থাকেন তাহলে আপনি নিজে, আপনার নিজের বিছানা ও জিনিসিপত্রের জন্য যথেষ্ট নিরাপত্তা থাকতে হবে।

আপনার স্বাস্থ্য

আইন

সেকশন 7, 2017 এর আইন নং 15

চাকরিদাতা নিম্নলিখিত ব্যাপারগুলোর জন্য দায়ী থাকবে:

+ কাজ করার ক্ষেত্রে কোন প্রকার আঘাতপ্রাপ্ত হলে বা অসুস্থ হলে গৃহকর্মীর উপর ব্যয়ভারের বোঝা চাপিয়ে না দিয়ে যথাযথ স্বাস্থ্য সেবা, ওষুধ, এবং স্বাস্থ্য সম্পর্কিত পরিষেবা সরবরাহ করতে হবে।

আপনার অধিকারসমূহ

+ আপনি যদি অসুস্থ বোধ করেন বা আপনার এমন কোন স্বাস্থ্যগত অবস্থার সৃষ্টি হয় যাতে আপনাকে নিয়মিত মেডিকেল ব্যবস্থা দরকার পড়ে তবে আপনি আপনার মালিক কে এ ব্যাপারে জানান এবং নিকটস্থ কোন স্বাস্থ্য কেন্দ্রে যোগাযোগ করুন।

+ কাতারে জরুরী প্রয়োজনে আপনি 999 এ ফোন করতে পারেন।

+ নিজের কাছে নিজের নামে একটি স্বাস্থ্য কার্ড রাখার অধিকার আপনার রয়েছে, মালিক যার মূল্য পরিশোধ করবে।

+ ঔষধ পাওয়া এবং ডাক্তারের কাছে যাবার ব্যাপারে আপনার অধিকার রয়েছে।

আপনার খাবার



আইন

সেকশন 7, 2017 এর আইন নং 15

চাকরিদাতা নিম্নলিখিত ব্যাপারগুলোর জন্য দায়ী থাকবে:

+ গৃহকর্মীদের জন্য যথাযথ খাবারের ব্যবস্থা করতে হবে।

আপনার অধিকারসমূহ

+ স্বাস্থ্যকে হৃষ্টপুষ্ট ও ঠিক রাখার জন্য যথেষ্ট পরিমাণ খাবার গ্রহণের অধিকার আপনার রয়েছে।

+ কোন রকম মুল্য পরিশোধ ব্যতিরেকে দিনে তিন বেলা খাবার পাবার অধিকার আপনার রয়েছে।

আপনার অধিকার জানুন

আপনার কাজের অবস্থান এবং প্রকৃতি

আপনার কর্মস্থল

আইন

সেকশন 9, 2017 এর আইন নং 15

+ একজন মালিক তার গৃহকর্মীর অনুমতি ব্যতীত তাকে কাতারের বাইরে কাজের জন্য পাঠাতে পারবে না, এ ব্যাপারে নিষেধাজ্ঞা রয়েছে।

আপনার অধিকারসমূহ

+ আপনার মালিক যদি আপনাকে কাতারের বাইরে কাজ করতে বলে তবে সে প্রস্তাব প্রত্যাখ্যান করার অধিকার আপনার রয়েছে।
+ কাতারের বাইরে আপনাকে কাজে পাঠানোর জন্য বাধ্য করার কোন অধিকার আপনার মালিকের নেই।

আপনার কর্মঘন্টা



আইন

সেকশন 12, 2017 এর আইন নং 15

চাকরিদাতা নিম্নলিখিত ব্যাপারগুলোর জন্য দায়ী থাকবে:

+ নামাজ, খাবার এবং বিশ্রামের সময় সহ একজন গৃহকর্মীর দৈনিক কাজের সময় যেন 10 ঘন্টা অতিক্রম না করে। এই সময়গুলো কর্মঘন্টার হিসাবের মধ্যে যেন অন্তর্ভুক্ত না হয়।

আপনার অধিকারসমূহ

+ আপনার কর্মঘন্টা 10 ঘন্টার বেশি হওয়া উচিত নয়।
+ মালিকের আপনাকে দিনে 10 ঘন্টার বেশি কাজ করানো অধিকার নেই। আদর্শ চুক্তি অনুসারে একজন গৃহকর্মী দিনে 8 ঘন্টা কাজ করবে, এর সাথে অতিরিক্ত হিসেবে ওভারটাইম আরো 2 ঘন্টা করতে পারবে। যদি আপনি ওভারটাইম করতে রাজি হন তবে খেয়াল রাখতে হবে সব মিলিয়ে দিনে কাজের মোট সময় যেন 10 ঘন্টার বেশি না হয়। এই অতিরিক্ত দুই ঘন্টার জন্য মালিক আপনাকে টাকা পরিশোধ করবে। এটার দাম হবে সাধারণ কর্মঘন্টার দামের সাথে 25% অতিরিক্ত মূল্য যোগ করে যা হয় তা।
  [যেমন- QAR 10 ঘন্টার পারিশ্রমিক + QAR 2.5 = 1 ঘন্টা ওভারটাইমের জন্য দিনে হবে QAR 12.5]

আপনার বার্ষিক ছুটির দিন



আইন

সেকশন 14, 2017 এর আইন নং 15

+ প্রতি বছর কাজ করার ক্ষেত্রে একজন গৃহকর্মী বছরে তিন সপ্তাহ পরিশোধযোগ্য ছুটি নিতে পারবে। একজন গৃহকর্মী ছুটির এই সময়কে নির্দিষ্ট সময়ে এবং স্থানে নিতে পারবে যদি না তাদের চুক্তিতে ভিন্নরুপ লিখা থাকে।

আপনার অধিকারসমূহ

+ কাজের ক্ষেত্রে প্রতি বছরান্তে তিন সপ্তাহ ছুটি নেবার অধিকার আপনার রয়েছে।
+ কোন বছরে আপনি যদি নির্ধারিত পুরো সময়টা ছুটি না কাটিয়ে থাকেন তবে বাকি থাকা সময়টা পরবর্তী বছরের ছুটির সাথে যোগ করে নিতে পারবেন।

আপনার নিরাপত্তা



আইন

সেকশন 14, 2017 এর আইন নং 15

+ একজন গৃহকর্মী তার অসুস্থতার দরুণ কাটানো ছুটির সময়ে কাজ করবে না।

আপনার অধিকারসমূহ

+ অসুস্থতার সময় আপনার কাজ না করার এবং বিশ্রাম নেবার অধিকার রয়েছে। অসুস্থতার সময় মালিক আপনাকে কাজ করতে বলতে পারেনা।
+ গৃহকর্মীদের আদর্শ চুক্তি অনুসারে, কাজ শুরু করার তিন মাস পর থেকে আপনি বছরে দুই সপ্তাহ অসুস্থতার দরুণ মূল্য পরিশোধযোগ্য ছুটি হিসেবে ছুটি কাটাতে পারবেন, তবে এক্ষেত্রে এ ব্যাপারে কোন স্বাস্থ্য বিশেষজ্ঞের সার্টিফিকেট আপনার নিকট থাকতে হবে।

আপনার বিশ্রাম ও বিরতিসমূহ



আইন

সেকশন 7, 2017 এর আইন নং 15

+ একজন গৃহকর্মী তার বিশ্রামের সময়ে কাজ করবে না।

আপনার অধিকারসমূহ(আপনার বিশ্রাম ও বিরতিসমূহ)

+ কাজ করার দিনে আপনার বিশ্রাম ও বিরতি নেবার অধিকার রয়েছে। এই বিরতি গুলো খাবার গ্রহণ, নামাজ পড়া এবং বিশ্রাম নেবার জন্য।

আপনার কাজে ছুটির দিন

আইন

সেকশন 13, 2017 এর আইন নং 15

+ প্রতি সপ্তাহে একজন গৃহকর্মী মূল্য পরিশোধযোগ্য ছুটি পাবে যেটা টানা 24 ঘন্টার কম হবেনা।
+ সপ্তাহের বিশ্রামের এই সময় কতটুকু হবে তা নির্ধারিত হবে উভয় পক্ষের সম্মতিতে তৈরিকৃত চাকরির চুক্তি অনুসারে।

সেকশন 7, 2017 এর আইন নং 15

+ সাপ্তাহিক ছুটির দিনে একজন গৃহকর্মী কাজ করবে না, যদি না এর বিপরীত কিছু উভয় পক্ষের মধ্যে চুক্তিকৃত হয়ে থাকে।

আপনার অধিকারসমূহ

+ সপ্তাহে পূর্ণ একদিন ছুটি পাবার অধিকার আপনার রয়েছে।
+ আপনি চুক্তিতে স্বাক্ষর করার পূর্বে সপ্তাহে কোন দিনটি আপনার সাপ্তাহিক ছুটির দিন হবে সে ব্যাপারে উভয় পক্ষ সম্মত হতে হবে এবং এটা চুক্তিতে অন্তর্ভুক্ত করতে হবে।

+ একটি “পূর্ণ দিন” বলতে টানা চব্বিশ ঘন্টার কম সময়কে বুঝাবে না বিশ্রামের এই দিনটি অংশে অংশে ভাগ করে নয় বরং সম্পূর্ণ হিসেবে নিতে হবে।

+ আপনার এই ছুটির দিনে আপনি কাজ থেকে সম্পূর্ণ মুক্ত থেকে বিশ্রাম নেবার অধিকার রয়েছে, যদিনা আপনি ওভারটাইম পেমেন্টের জন্য কাজ করতে সম্মত হন। মাঝে মধ্যে বা মালিকের সম্মতিতে কখনও ছুটির দিনে আপনি যদি কাজ করতে সম্মত হন তবে এই ছুটির দিনটা আপনি ভিন্ন কোন দিনে ছুটির দিন হিসেবে উপভোগ করবেন। এছাড়া ছুটির দিনে কাজ করলে মূল পারিশ্রমিকের তুলনায় 150% পর্যন্ত পারিশ্রমিক আপনি চাইতে পারেন।
[যেমন- QAR 10 ঘন্টার মূল পারিশ্রমিক + QAR 15 = বিশ্রামের দিনে এক ঘন্টা ওভারটাইমের কাজের মোট মূল্য হবে QAR 25]।

ছুটির দিনে আপনি বাসার বাইরে গেলে এ ব্যাপারে মালিক কে জানিয়ে যাওয়া গুরুত্বপূর্ণ।

আপনার অধিকার জানুন

আপনার অর্থনৈতিক অধিকার

আপনার পারিশ্রমিক

আইন

সেকশন 8, 2017 এর আইন নং 15

+ গৃহকর্মীর সাথে চুক্তি মোতাবেক মালিক তাকে মাসের শেষে বা পরবর্তী মাসের তৃতীয় দিনের মধ্যে কাতারের টাকা রিয়ালে পারিশ্রমিক পরিশোধ করবেন।

আপনার অধিকারসমূহ

+ চুক্তিমতে আপনাকে যত রিয়াল বেতন দেবার কথা আপনি ঠিক ততটাই পাবার অধিকার রাখেন। কাতারের সর্বনিম্ন কর্মের বেতন QAR 1000, আপনি এর চেয়ে কম নিবেন না। চুক্তিতে আপনার দেশ এবং কাতারের মাঝে ভিন্ন কোন পারিশ্রমিকের ব্যাপারে সম্মতি থাকতে পারে, সেটি আপনার চুক্তিতে লিখা থাকতে হবে।

+ মাসের শেষে বা কোন মাসের যে দিনে আপনাকে বেতন দেবার ব্যাপারে চুক্তি করা হয়েছে আপনি ঠিক সে দিনই বেতন নিবেন।

+ প্রাপ্ত বেতন আপনার ব্যাংক একাউন্টে তারা ডিপোজিট করে দিতে পারে অথবা আপনাকে হাতে হাতে দিয়ে দিতে পারে। হাতে হাতে পেলে এটা নিশ্চিত করার জন্য একটি রিসিপ্ট আপনি নিবেন যেখানে আপনাকে স্বাক্ষর করতে হবে।

নিয়োগ ফী এবং এ সম্পর্কিত ব্যয়

আইন

সেকশন 8, 2017 এর আইন নং 15

+ বিদেশ থেকে শ্রমিক নিয়োগের ক্ষেত্রে কোন নিয়োগকর্তা শ্রমিকের বেতন থেকে নিয়োগের বিনিময়ে কোন অংশ ফী, ব্যয় বা কমিশন হিসেবে কর্তন করতে পারবেন না, এটা নিষিদ্ধ।

আপনার অধিকারসমূহ (নিয়োগ ফী)

+ নিয়োগের জন্য নিয়োগ করার দালাল বা নিয়োগকর্তা আপনার পেমেন্ট থেকে বা আপনার মাসিক বেতন থেকে কোন অংশ নিয়োগ প্রক্রিয়ার ফী, বিমান ভাড়া, মেডিকেল টেস্ট বা ভিসা ফী হিসেবে কেটে নিতে পারবে না।

আপনার বিমান ভাড়া

আইন

সেকশন 14, 2017 এর আইন নং 15

+ দুই বছর কাজ করার পর প্রত্যেক গৃহকর্মীর তার নিজ বাড়িতে বেড়াতে যাবার জন্য একটি রিটার্ন টিকিট পাবার অধিকার থাকবে।

+ নিয়োগ চুক্তি সম্পন্ন হবার পর কোন গৃহকর্মী কাতার ছেড়ে চলে যাবার ক্ষেত্রে অথবা আইন ভংগ হবার কারণে চুক্তির মেয়াদ শেষ হবার পূর্বেই কাতার ছেড়ে যাবার ক্ষেত্রে বা মালিক কর্তৃক চুক্তি শেষ করে দেয়া হলে উক্ত গৃহকর্মী তার বাড়িতে ফেরত যাবার ক্ষেত্রে একটি রিটার্ন টিকিট পাবার অধিকার রাখবে।

আপনার অধিকারসমূহ

+ দুই বছর কাজ করার পর আপনার মালিকের থেকে আপনি একটি রিটার্ন টিকিট পাবার অধিকার রাখেন। আপনার মালিক এই ব্যয় পুরোটা বহন করবে এবং এর কোন অংশই আপনি বহন করবেন না।
+ গৃহকর্মীদের কাজের আদর্শ চুক্তি অনুসারে, নোটিশের ব্যাপারে যথেষ্ট সম্মান রেখে কোন কারণে চুক্তির মেয়ার শেষ হবার পূর্বেই আপনি চুক্তি শেষ করার সিদ্ধান্ত নিলে(নিয়োগকর্তা কর্তৃক কোন প্রকার চুক্তি ভংগ ব্যতিরেকেই) আপনার ফিরে যাবার টিকিটের ব্যয়ের অন্তত অল্প অংশ হলেও তাকেও নিতে হবে। চুক্তির মেয়াদে যতদিন কাজ করার কথা ছিল সে অনুপাতে আপনি কতদিন কাজ করেছেন তার উপর হিসাব করে আপনার টিকিটের ব্যয়ভার সে বহন করবে।

  উদাহরণ: আপনার চুক্তির মেয়াদ ছিল 2 বছর(বা 24 মাস)। 18 মাস পরে আপনি এটি সমাপ্ত করার সিদ্ধান্ত নিলেন এবং বাড়ি ফেরত যেতে চাইলেন। ধরা যাক আপনার টিকিটের মূল্য 15,00 QAR. এক্ষেত্রে আপনার মালিক টিকিটের মূল্যের অন্তত কী পরিমাণ অংশ পরিশোধ করবে,

    - প্রথমে 15,00 কে 24 দ্বারা ভাগ করি (আপনার কাজের সমগ্র সময়): 15,00/24 = 62.5
    - যেহেতু আপনি 18 মাস কাজ করেছেন, আপনার মালিক পরিশোধ করবেন অন্তত 62.5 x 18 = QAR 1,125

আপনার চাকরির সমাপ্তি

আইন

সেকশন 15, 2017 এর আইন নং 15

+ চাকরির সময় শেষে বেনিফিটের এককালীন যে মূল্য পরিশোধ করা হয়, চাকরি অন্তত এক বছর করার ক্ষেত্রে মালিককে সেটা পরিশোধ করতে হবে। এটা 12 সেপ্টেম্বর 2017 হতে ডমেস্টিক ওয়ার্কার্স আইনের হিসেবে কার্যকর রয়েছে, এর সাথে অন্য কিছুও যোগ হতে পারে।
+ চাকরি শেষের বেনিফিট নির্ধারিত হবে উভয় পক্ষের সম্মতিতে। এটা হওয়া উচিত গৃহকর্মী যত বছর কাজ করেছে প্রত্যেক বছরে অন্তত তিন সপ্তাহে পারিশ্রমিক মূল্য হিসেবে হিসাব করা। একজন গৃহকর্মী বছরের একটি অংশ কে মোট চাকরিতে অতিবাহিত সময়ের সাথে গুণ করে যত অর্থ পাওয়া উচিত ততটুকু পেতে পারে।

আপনার অধিকারসমূহ (আপনার চাকরি শেষের বেনিফিট)

+ আপনি যদি কোন মালিকের অধীনে এক বছরের বেশি সময় কাজ করে থাকেন তবে চাকরি শেষে আপনি সেই মালিক থেকে একটি বেনিফিট অর্থ পাবেন।
+ চাকরি শেষের এই বেনিফিট প্রতি বছরে অন্তত তিন সপ্তাহের মজুরি হিসেবে হিসাব করতে হবে।

আপনার আঘাত প্রাপ্ততার দরুণ অর্থ পাওয়া



আইন

সেকশন 19, 2015 এর আইন নং 21

+ উপরে বর্ণিত শ্রম আইন অনুসারে চাকরি চলাকালীন সময়ে আপনি আঘাতপ্রাপ্ত হলে এর জন্য সংস্থান পাবার সাথে সাথে মালিক আপনাকে কিছু অর্থ পরিশোধ করবে।

আপনার অধিকারসমূহ

+ চাকরি চলাকালীন সময়ে আপনি কোনভাবে আঘাতপ্রাপ্ত হলে এর বিনিময়ে অর্থ পাবার অধিকার আপনার রয়েছে।

আপনার অধিকার জানুন

গৃহকর্মী আইনের অধীনে আপনার সাধারণ অধিকার সমূহ

নিয়োগের চুক্তি

আইন

সেকশন 3, 2017 এর আইন নং 15

+ একজন গৃহকর্মীকে শ্রম চুক্তি ব্যতীত নিয়োগ নাও দেয়া হতে পারে, যেটা শুধুমাত্র উক্ত বিভাগ কর্তৃক লিখিত ও স্বীকৃত হবে, এটার তিনটি কপি থাকবে।

একটি করে কপি উভয় পক্ষকে দেয়া হবে এবং তৃতীয় কপিটি বিভাগে ডিপোজিট করা হবে।
নিয়োগ চুক্তিটি আরবিতে লিখা হতে হবে। এটার অন্য যেকোন ভাষায় অনূদিত আরেকটি কপি সাথে জুড়ে দেয়া যাবে।

উভয় পক্ষের নিয়োগের সম্পর্কের উপর ভিত্তি করে নিয়োগ চুক্তিতে সংস্থান সম্পর্কিত ব্যাপার অন্তর্ভুক্ত করতে হবে। নির্দিষ্টভাবে নিম্নের কয়েকটি তথ্য থাকতে হবে:

1. *নিয়োগকর্তার নাম, জাতীয়তা এবং বসবাসের স্থান।*
2. *গৃহকর্মীর নাম, জাতীয়তা এবং বসবাসের স্থান।*
3. *চুক্তি সমাপ্তির তারিখ।*
4. *কী ধরণের কাজ গৃহকর্মীকে দিয়ে করানো হবে।*
5. *কবে কাজ শুরু হয়েছে সেই তারিখ এবং শিক্ষানবিশ সময়কাল।*
6. *চুক্তির মেয়াদকাল, নবায়নের শর্তসমূহ এবং এর পেমেন্টের তারিখ।*
7. *যে বেতন ও ধরণে সম্মত, এবং এর পেমেন্টের তারিখ।*
8. *এই আইনে উল্লেখিত যেকোন সংস্থান বা তথ্য।*

আপনার অধিকারসমূহ

+ আপনার সাথে নিয়োগের কোন চুক্তি স্বাক্ষর ব্যতিরেকে কোন নিয়োগকর্তা আপনাকে নিয়োগ দেয়ার অধিকার রাখেনা। আইন অনুযায়ী যা যা প্রয়োজন এই নিয়োগ চুক্তি তার সবকিছু ধারণ করে।
+ স্বাক্ষরিত নিয়োগ চুক্তির একটি কপি পাবার অধিকার আপনার রয়েছে। চুক্তিটি আরবি এবং ইংরেজি ভাষায় হবে।

আপনার চুক্তি সমাপ্ত করা

আইন

শিক্ষানবিশ সময়কাল শেষ হবার পূর্বে
অনুচ্ছেদ 1, 2020 এর আইন নং 18

+ কোন শ্রমিক শিক্ষানবিশ সময়কালে তার চাকরি পরিবর্তন করতে চাইলে অন্তত এক মাস আগে ল্যাবোর অ্যান্ড সোশ্যাল অ্যাফেয়ার্স(ADLSA's) এর মিনিস্ট্রি অব অ্যাডমিনিস্ট্রেটিভ ডেভেলপমেন্টের ইলেকট্রনিক সিস্টেমের মাধ্যমে তার বর্তমান মালিক কে জানাতে হবে। নোটিশের এই সময়কালে তাকে কাজ চালিয়ে যেতে হবে। নতুন মালিককে পূর্বের মালিকের আপনার দরুণ পরিশোধকৃত নিয়োগ ফী, এবং বিমান ভাড়ার অর্থ পরিশোধ করতে হবে। শ্রমিকের দুই মাসের বেতনের সমপরিমাণের চেয়ে বেশি অর্থ পরিশোধ করতে হবেনা।
+ কোন শ্রমিক যদি তার কাজের চুক্তি রদ করে দিতে চায় এবং কাতার থেকে চলে যেতে চায় তবে তাকে ADLSA's এর মাধ্যমে তার বর্তমান মালিককে নোটিশ পাঠাতে হবে। নোটিশের এই সময়কালে তাকে কাজ চালিয়ে যেতে হবে। এই নোটিশ সময়কাল 2 মাস অতিক্রম করবে না।

শিক্ষানবিশ সময়কাল শেষ হবার পর
অনুচ্ছেদ 1, 2020 এর আইন নং 18

+ কোন শ্রমিক তার শিক্ষানবিশ সময়কালের পর তার চাকরি পরিবর্তন করতে চাইলে নিম্ন বর্ণিত নিয়মানুসারে সে তার বর্তমান মালিককে নোটিশ দিবে:
    - প্রথম দুই বছরের কাজের সময়কালে এই নোটিশের সময়কাল হবে এক মাস।
    - প্রথম দুই বছর কাজ শেষে এই নোটিশ সময়কাল হবে দুই মাস।
+ ADLSA's এর ইলেকট্রনিক সিস্টেমের মাধ্যমে এই নোটিশ সরবরাহ করতে হবে।
+ নোটিশের সময়কালে শ্রমিককে অবশ্যই তার বর্তমান মালিকের সাথে কাজ করতে হবে, যদিনা ভিন্ন কোন উপায়ের ব্যাপারে উভয়পক্ষ সম্মত হয়ে থাকে।

+ নিয়োগ চুক্তি রদ করে কাতার ছেড়ে চলে যেতে চাওয়া কোন শ্রমিকের ক্ষেত্রেও একই নীতি প্রয়োগকৃত হবে।

চুক্তির মেয়াদকালের ভেতর যেকোন সময়ে সেকশন 17, 2017 এর আইন নং 15

একজন শ্রমিক তার চুক্তির মেয়াদ সমাপ্তের পূর্বেই এটি রদ করে দিতে পারে এবং একই সময়ে চাকরি শেষের যে বেনিফিট পাবার কথা সেটা সে পেতে পারে যদি নিম্নের ঘটনা গুলো ঘটে থাকে:

1. নিয়োগ চুক্তি অনুসারে বা সংস্থান আইনে বর্ণিত বাধ্যবাধকতা যদি কোন মালিক না মেনে থাকে।
2. নিয়োগের শর্তের পরিত সম্মান রেখে কোন মালিক বা ব্যাক্তি চুক্তি সম্পন্নের প্রাক্কালে শ্রমিকের সাথে যদি প্রতারণা করে থাকে।
3. কোন মালিক বা তার পরিবারের কোন সদস্য যদি শ্রমিকের সাথে উগ্র ব্যবহার করে যা শ্রমিকের শারীরিক কোন ক্ষতি করে বা তার জীবন নাশের আশঙ্কা দেখা দেয়।
4. এমন কোন ঘটনায় পতিত হবার ক্ষেত্রে যেখানে শ্রমিকের জীবনের বা স্বাস্থ্যের প্রতি হুমকি হয়, এবং মালিক এ ব্যাপারে বেশ ভালভাবে অবগত, এবং এ ব্যাপারে সে কোন সমাধান গ্রহণ করেনি।

আপনার অধিকারসমূহ

+ আপনি যদি কাতার থেকে চলে আসতে চান বা ভিন্ন কোন চাকরি করতে চান তবে চুক্তির মেয়াদ শেষ হবার পূর্বেই চুক্তিটি রদ করার অধিকার আপনার রয়েছে।
+ কাতারে চাকরি পরিবর্তন করতে চাইলে শ্রমিকদের এখন আর “নো অবজেকশন সার্টিফিকেট” এর প্রয়োজন নেই। চাকরির পরিবর্তনের ব্যাপারে আরো বিস্তারিত জানতে ল্যাবোর অ্যান্ড সোশ্যাল অ্যাফেয়ার্স(ADLSA’s) এর মিনিস্ট্রি অব অ্যাডমিনিস্ট্রেটিভ ডেভেলপমেন্টের ওয়েবসাইট দেখুন।

+ **চুক্তির মেয়াদের সময়কালে আপনি যেকোন সময় চুক্তি সমাপ্ত করার অধিকার রাখেন, নিম্নলিখিত ক্ষেত্রগুলোতে কোন প্রকার নোটিশ ব্যতিরেকেই:**
    - চুক্তির একটি বা কোন বাধ্যবাধকতাই যদি মালিক না মানে।
    - আপনার মালিক বা নিয়োগের দালাল চুক্তির শর্তের ব্যাপারে আপনার সাথে যদি প্রতারণা করে।
    - মালিক বা তার পরিবারের কোন সদস্য যদি আপনাকে শারীরিক ভাবে আঘাত করে।
    - কর্মক্ষেত্রে আপনার স্বাস্থ্য বা জীবন হতে পারে এমন বিপদ থাকলে।
+ এই পরিস্থিতিতে চাকরির বেনিফিট সমাপ্তের অধিকার আপনার রয়েছে।
+ ADLSA’s এর ইলেকট্রনিক সিস্টেমের মাধ্যমে চুক্তি সমাপ্তের জন্য আপনি অবশ্যই প্রক্রিয়াকরণ করবেন। এই প্রক্রিয়া সম্পর্কে আরো বিস্তারিত জানতে ল্যাবোর অ্যান্ড সোশ্যাল অ্যাফেয়ার্স (ADLSA’s) এর মিনিস্ট্রি অব অ্যাডমিনিস্ট্রেটিভ ডেভেলপমেন্টের ওয়েবসাইট দেখুন।
+ QID এর মেয়াদ শেষ হয়ে যাবার পর 90 দিনের মধ্যে শ্রমিকরা চাকরি পরিবর্তন করতে পারবেন(যদিনা QID এর মেয়াদ শেষ হবার কারণ শ্রমিকের আয়ত্তের বাইরে থাকে)।
+ মনে রাখবেন, আপনার মালিকও চাইলে আপনার সাথে কাজের চুক্তি রদ করতে পারেন।

আপনাকে সণাক্তকরণ নথিসমূহ

আইন

অনুচ্ছেদ 8, 2015 এর আইন নং 21

+ প্রবাসী শ্রমিকের অনুমোদন প্রক্রিয়া বা এর নবায়ন চূড়ান্তকরণ করার পর মালিক তাকে তার পাসপোর্ট বা ভ্রমণ ভিসা ফেরত দিবেন,
যদি না এ ব্যাপারে প্রবাসী শ্রমিক বলে থাকেন যে মালিক সেটা নিজের কাছে রেখে দিতে পারেন।

আপনার অধিকারসমূহ

+ আপনার নিজের পাসপোর্ট ও যেকোন ধরণের ভ্রমণের নথিসমূহ আপনার নিজের নিকট রাখার অধিকার রয়েছে, শুধুমাত্র সে সময় ব্যাতীত যখন আপনার থাকার অনুমোদন বা আপনার পাসপোর্ট নবায়নের জন্য মালিকের এটা নেবার প্রয়োজন হয়।

* *একজন মালিক যিনি তার শ্রমিকদের ভ্রমণের নথিসমূহ জোড়পূর্বক নিজের নিকট রেখে দেন তিনি মূলত আইনের লঙ্ঘন করছেন এবং এটা সর্বোচ্চ Qr. 25,000 পরিমাণ অর্থ জরিমানার কারণ হবে।*

কাতার রাষ্ট্র হতে প্রস্থান করা

আইন

অনুচ্ছেদ 2, 2019 এর মিনিস্ট্রি অব ইন্টেরিয়র ডিসিশান নং 95

+ গৃহকর্মীদের কাতার হতে অস্থায়ীভাবে বা চাকরির চুক্তি চলাকালীন অবস্থায় বৈধভাবে সে দেশ থেকে প্রস্থান করার অধিকার রয়েছে। তবে অন্তত 72 ঘন্টা পূর্বে গৃহকর্মীদের এই ব্যাপারটা তাদের মালিককে জানাতে হবে।

আপনার অধিকারসমূহ

+ কাতার থেকে চলে যাবার জন্য আপনার আর কোন অনুমতি লাগবে না। তবে কাতার ত্যাগ করার অন্তত 72 ঘন্টা পূর্বে এ ব্যাপারে আপনার মালিককে জানাতে হবে। আপনি এটা লিখিত ভাবে বা মৌখিক ভাবে জানাতে পারেন।

আপনার অধিকার জানুন

শারীরিক ও মানসিক ক্ষতি হতে আপনার মুক্ত থাকার অধিকার

শারীরিক ও মানসিক ক্ষতি হতে মুক্তি



আইন

সেকশন 7, 2017 এর আইন নং 15

চাকরিদাতা নিম্নলিখিত ব্যাপারগুলোর জন্য দায়ী থাকবে:

+ গৃহকর্মীদের সাথে সৎ ব্যবহার করুন, এমন ব্যবহার করুন যেন তাদের সম্মান ও তাদের ভাল থাকার মত অবস্থা বজায় থাকে।
+ গৃহকর্মীর স্বাস্থ্য বা জীবনকে বিপন্ন করার মত অবস্থা তৈরি করা হতে বিরত থাকুন, অথবা কোনও উপায়ে তাকে শারীরিক বা নৈতিকভাবে ক্ষতি করা হতে বিরত থাকুন।

আপনার অধিকারসমূহ

+ মালিক এবং তার ঘরের সদস্যদের নিকট হতে শালীনতা ও সম্মানের সাথে ব্যবহার পাওয়ার অধিকার আপনার রয়েছে।

আটকাবস্থা ও অত্যাচার হতে আপনার মুক্ত থাকার অধিকার



আইন

অনুচ্ছেদ 36, কাতারের সংবিধান

চাকরিদাতা নিম্নলিখিত ব্যাপারগুলোর জন্য দায়ী থাকবে:

+ ব্যাক্তিগত স্বাধীনতা নিশ্চিত করতে হবে এবং আইনের নীতির অধীনে কাউকে গ্রেফতার করা, আটক করা, তল্লাশি করা বা কারো থাকার ও চলাচলের ব্যাপারে প্রতিবন্ধকতা তৈরি করা যাবেনা; কাউকে অত্যাচার করা যাবেনা, কারো সাথে অপমানমূলক ব্যবহার করা যাবেনা; অত্যাচার করা হলে সেটি আইন অনুসারে শাস্তিযোগ্য অপরাধ বলে বিবেচিত হবে।

আপনার অধিকারসমূহ (আটকাবস্থা ও অত্যাচার থেকে আপনার মুক্ত থাকার অধিকার)

+ মালিকের কোন অধিকার নেই আপনাকে তার বাড়িতে জোড়পূর্বক আটকে রাখার।
+ আপনার উপর কোন প্রকার অমানবিক অত্যাচার করার অধিকার মালিকের নেই, যেমন আপনাকে খাবার না দেয়া, কোন এক জায়গায় জোড়পূর্বক আটকে রাখা, আপনাকে শারীরিক বা যৌনসংক্রান্ত ক্ষতি করা।

আপনার অধিকার জানুন

গৃহকর্মী আইনের অধীনে আপনার দায় দায়িত্ব সমূহ

দায়-দায়িত্ব সমূহ

আইন

সেকশন 11, 2017 এর আইন নং 15

একজন গৃহকর্মী নিচের ব্যাপারগুলোতে প্রতিশ্রুতিবদ্ধ থাকবে:

+ কাতার রাষ্ট্রের আইন, প্রথা, সংস্কৃতি, ধর্ম এবং নৈতিক মূল্যবোধকে সম্মান করুন।
+ যেসব কাজের ব্যাপারে চুক্তিবদ্ধ হয়েছেন এবং যেসব কাজ করার ব্যাপারে অনুরোধ করা হয় সেগুলো সততার সাথে যথাযথ ভাবে সম্পাদন করুন।
+ মালিকের ও তার পরিবারের সদস্যদের এবং বেড়াতে আসা তার মেহমানদের টাকা, সম্পত্তি, ও গোপনীয়তা সংরক্ষণ করুন এবং তাদের মুনাফার ক্ষতি করা হতে বিরত থাকুন।
+ সর্বোচ্চ ভাল ব্যবহারের সাথে মালিক ও তার পরিবারের সদস্য কর্তৃক কোন কাজ করতে বলা হলে সেটি করুন, যদিনা এতে আপনার সাথে করা চুক্তি লঙ্ঘিত হয়, বা এতে আপনার বা অন্যদের জীবন বা অর্থ বিপন্ন হবার সম্ভাবনা থাকে।
+ কাজ করার জন্য যে সকল জিনিস দেয়া হয় সেগুলো ঠিকভাবে সংরক্ষণ করুন এবং যে কাজের জন্য দেয়া হয় শুধুমাত্র সে কাজেই সেটি ব্যবহার করুন এবং কাজ শেষ হলে জিনিসগুলো মালিককে ফেরত দিন।
+ অন্যান্যদের জন্য পরিশোধযোগ্য বা অপরিশোধযোগ্য কাজের অঙ্গীকার করা হতে বিরত থাকুন, এটা কাতার রাষ্ট্রের আইনের নিয়ম নীতির লঙ্ঘনের পর্যায়ে পড়ে।
+ মালিক, মালিকের পরিবার এবং সেখানকার অধিবাসীদের সাথে ভাল ব্যবহার করুন, তাদের ক্ষতি করা হতে বিরত থাকুন, বিশেষ করে বাচ্চাদের ও বয়স্কদের সাথে ভাল ব্যবহার করুন।

মালিক যদি আপনার কোন বা সবগুলো অধিকার পূরণ না করে থাকে তবে ল্যাবোর অ্যান্ড সোশ্যাল অ্যাফেয়ার্সের মিনিস্ট্রি অব এডমিনিস্ট্রেটিভ ডেভেলপমেন্ট এ ল্যাবোর রিলেশনস বিভাগে আপনি একটি অভিযোগ দাখিল করতে পারেন।

শ্রমিকদের থেকে অভিযোগ বা মন্তব্য নেবার ক্ষেত্রে মন্ত্রণালয়ের 24-ঘন্টা ব্যাপী চালু একটি হটলাইন পরিষেবা রয়েছে, যার নাম্বার গুলো হল **40280661** এবং **16008**. কাজের অভিযোগ চাইলে এসএমএস এর মাধ্যমে **92727** এ পাঠানো যাবে। এক্ষেত্রে প্রথমে 5 লিখে তারপর QID নাম্বার বা ভিসা নাম্বার লিখতে হবে, অতঃপর 92727 নাম্বারে সেন্ড করে দিতে হবে। মন্ত্রণালয়ের ইমেইলেও কাজের অভিযোগ পাঠানো যাবে, তাদের ইমেইল এড্রেস: info@adlsa.gov.qa

অভিযোগ ও কাজের স্থানে কোন সমস্যা সম্পর্কে জানাতে চাইলে শ্রমিকরা মন্ত্রণালয়ের ইলেকট্রনিক ইউনিফাইড প্লাটফর্মও ব্যবহার করতে পারে।

এই পুস্তিকাটি আন্তর্জাতিক শ্রম সংস্থার সমর্থনে
Migrant-Rights.org এর সহায়তায় তৈরি করা হয়েছে।